গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অপারেশন ও সমন্বয় শাখা
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা- ১০০০
www.gsb.gov.bd

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার

**বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের এপ্রিল, ২০২৫ খ্রি. মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | এস. এম. মঈন উদ্দীন আহম্মেদ<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | **১৭.০৪.২০২৫ খ্রি.** |
| সভার সময় | **সকাল ১১:০০ ঘটিকা** |
| স্থান | ৪র্থ তলার সভা কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরেরএপ্রিল, ২০২৫ মাসের সমন্বয় সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই সভাপতি অবহিত করেন যে, খনন সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত প্রকল্পটি একনেকে ২০ এপ্রিল, ২০২৫ তারিখে অনুমোদনের প্রক্রিয়ায় আছে এবং জিএসবির ভবিষ্যৎ ০৯ (নয়) টি প্রকল্পের প্রস্তুতি সভা মন্ত্রণালয়ে ইতোমধ্যে অনুষ্ঠিত হয়েছে যা এডিপির সবুজ পাতায় অন্তর্ভুক্তের সভা ২৪ এপ্রিল, ২০২৫ তারিখে অনুষ্ঠিত হবে।

২। মহাপরিচালক মহোদয়ের অনুমোদক্রমে জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) ও শাখা প্রধান (অপারেশন ও সমন্বয়) পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিয়ে কোন সদস্যের মতামত বা সংশোধনী প্রস্তাব আছে কিনা তা জানতে চান এবং কোন মতামত বা সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিতে গত ১৯-০৩-২০২৫ তারিখে অনুষ্ঠিত মার্চ, ২০২৫খ্রি. মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। অত:পর শাখা প্রধান (অপারেশন ও সমন্বয়) কার্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করেন।

৩। গত ১৯-০৩-২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয় এবং উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা | |
|---|---|---|---|---|
| **ভূবিজ্ঞান সংক্রান্ত আলোচনা** | | | | |
| **অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা** | | | | |
| ৩.১। | জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী বলেন, ইতোমধ্যে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বর্তমান অর্থবছর কূপ খনন করা হচ্ছে না। তবে পরবর্তী অর্থ বছরের শুরু থেকেই খনন কার্যক্রম শুরু করার যাবতীয় প্রস্তুতি গ্রহণ করা হবে। | ২০২৫-২০২৬ অর্থবছরের শুরু থেকে কূপ খনন প্রক্রিয়ার প্রস্তুতি গ্রহণ করতে হবে। | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা এবং অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখাসহ সংশ্লিষ্ট সকল শাখা। | |
| ৩.২। | "গেজেটভূক্ত পাথর কোয়ারিসমূহের পাথরের মজুদ, উত্তোলনযোগ্য পাথরের পরিমাণ এবং উত্তোলনের সময় নির্ধারণ" বিষয়ক বিশেষ কর্মসূচি বিষয়ে পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, কর্মসূচি চূড়ান্ত প্রতিবেদন ইতোমধ্যে দাখিল করা হয়েছে এবং মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক সকল বিল প্রক্রিয়াকরনের কাজ প্রক্রিয়াধীন আছে। মহাপরিচালক মহোদয় উল্লেখ করেন, বিষয়টি দ্রুততার সাথে সম্পন্ন করে অবশিষ্ট অর্থ বিএমডিকে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | গেজেটভূক্ত পাথর কোয়ারির অবশিষ্ট অর্থ বিএমডিকে দ্রুততম সময়ের মধ্যে ফেরত দেবার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখাসহ বিশেষ কর্মসূচি পরিচালক | |
| **নগর ও প্রকৌশল ভূতত্ত্ব শাখা** | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.৩। | নগর ও প্রকৌশল ভূতত্ত্ব শাখার শাখা প্রধান বলেন, চলতি অর্থ বছরে এ শাখার কোন কর্মসূচী ছিলো না। গত অর্থ বছরে কুমিল্লা শহর ও আশেপাশের এলাকায় পরিচালিত বহিরঙ্গন কাজের ড্যাটাবেজে ও সাইসমিক হ্যাজার্ড ম্যাপ প্রস্তুত করা হয়েছে। বর্তমানে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়নের কাজ চলছে। | পূর্ববর্তী অর্থ বছরে পরিচালিত বহিরঙ্গন কাজের প্রতিবেদন প্রণয়ন সম্পন্ন করতে হবে। | নগর ও প্রকৌশল ভূতত্ত্ব শাখা ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ। | |
| **পরিবেশ ভূতত্ত্ব প্রাকৃতিক দূর্যোগ এ্যাসেসমেন্ট শাখা** | | | | |
| ৩.৪। | পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দুর্যোগ এ্যাসেসমেন্ট শাখার যশোরের ভবদহ এলাকায় একটি বহিরঙ্গন কর্মসূচী রয়েছে। শাখা প্রধান মিজ সালমা আক্তার, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, বহিরঙ্গন একটি দল সকল প্রস্তুতি সম্পন্ন করেছে। আর্লি ওয়ার্নিং সিস্টেম স্থাপন করার জন্য পরামর্শক দলের সাথে ই-মেইলে যোগাযোগ করা হয়েছে। আগামী ১৮-২৬ এপ্রিল, ২০২৫ পরামর্শক দল কক্সবাজারে উপস্থিত থাকবেন। আর্লি ওয়ার্নিং সিস্টেম স্থাপন করার জন্য চারটি স্থানে কাঠামো প্রস্তুত করা হয়েছে এবং ইতোমধ্যে এনজিআই থেকে আর্লি ওয়ার্নিং সিস্টেম গ্রহন করা হয়েছে। এ কাজগুলো শেষ হওয়ার পরে বহিরঙ্গন কাজ করা হবে। | ক) আর্লি ওয়ার্নিং সিস্টেম স্থাপন কাজ সম্পন্ন করতে হবে।<br>খ) বহিরঙ্গন কর্মসূচী বাস্তবায়ন করতে হবে। | পরিবেশ ভূতত্ত্ব প্রাকৃতিক দূর্যোগ এ্যাসেসমেন্ট শাখা। | |
| **দূর অনুধাবন ও জিআই এস শাখা** | | | | |
| ৩.৫। | জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, "গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলার স্পাশিও-টেমপোরাল ডাইনামিক্স নির্ধারণসহ ভূতাত্ত্বিক ও ভূ-প্রাকৃতিক মানচিত্রায়ন" শীর্ষক বহিরঙ্গন কর্মসূচীটি সম্পাদনের লক্ষ্যে দূর অনুধাবান ও জিআইএস শাখা হতে একটি দল গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলার উদ্দেশ্যে গত ১৬.০৪.২০২৫ খ্রি. তারিখ সদর দপ্তর ত্যাগ করেছে। | যথাসময়ে বহিরঙ্গন কার্যক্রম সম্পন্ন করতে হবে। | দূর অনুধাবন ও জিআই এস শাখা | |
| **ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়ার্টারনারি ভূতত্ত্ব শাখা** | | | | |
| ৩.৬। | "সিলেট জেলার জৈন্তাপুর উপজেলার ভূতাত্ত্বিক মানচিত্রায়ন" শীর্ষক বহিরঙ্গন কার্যক্রমের বিষয়ে মিজ নাসিমা বেগম, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, বহিরঙ্গন হতে সংগৃহীত নমুনা যাচাই-বাছাই করে পরীক্ষণের লক্ষ্যে গবেষণাগারে প্রেরণ করা হয়েছে। প্রতিবেদন প্রণয়নের কাজ চলমান রয়েছে। | প্রতিবেদন প্রস্তুত করে জমা দিতে হবে। | ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ও কোয়াটারনারি ভূতত্ত্ব শাখা | |
| **উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা** | | | | |
| ৩.৭। | "খুলনা জেলার অন্তর্গত দাকোপ উপজেলার ভূমিরূপের বৈশিষ্ট্যসমূহ এবং আনুষঙ্গিক উপকূলবর্তী দূর্যোগসমূহ নির্ধারনের লক্ষ্যে উপকূলীয় ভূতাত্ত্বিক মানচিত্রায়ন" শীর্ষক বহিরঙ্গন কার্যক্রম বিষয়ে পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, বহিরঙ্গন কাজ সম্পন্ন করা হয়েছে। শাখা প্রধান জনাব মিজানূর রহমান, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, সংগৃহীত নমুনা ল্যাবরেটরীতে প্রেরণ করা হয়েছে এবং প্রতিবেদন প্রণয়নের কাজ চলমান রয়েছে। | প্রতিবেদন প্রস্তুত করে জমা দিতে হবে। | উপকূলীয় ও সামুদ্রিক ভূতত্ত্ব শাখা | |
| **ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা** | | | | |
| ৩.৮। | মিজ নুরুন নাহার ফারুকা, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, "ঢাকা জেলার দোহার উপজেলার হাইড্রোজিওলজিক্যাল অনুসন্ধানের মাধ্যমে পানির আধারের অবস্থান, গুনগতমান ও পরিবেশ মূল্যায়নকরণ এবং ভূ-রাসায়নিক মানচিত্র প্রস্তুতকরণ" শীর্ষক বহিরঙ্গন কার্যক্রম কাজ শেষ করে ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখার একটি দল সদর দপ্তরে যোগদান করেছে। বর্তমানে নমুনা বিশ্লেষণের কাজ শুরু করা হয়েছে। | প্রতিবেদন প্রস্তুত করে জমা দিতে হবে। | ভূ-রসায়ন ও পানি সম্পদ শাখা | |
| **স্তরতত্ত্ব ও জীবস্তত্ত্ব শাখা** | | | | |
| ৩.৯। | পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, এ শাখা হতে "চট্টগ্রাম শহরের উপকূলীয় অংশে এবং এর আশেপাশে সামুদ্রিক দূষণ নির্দেশক হিসেবে বেন্থিক ফোরামিনিফেরার বৈশিষ্ট্য বিশ্লেষণকরণ" শীর্ষক বহিরঙ্গন কর্মসূচি সম্পন্ন করা হয়েছে। শাখা প্রধান জনাব মো: কামরুল আহসান, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, বহিরঙ্গন হতে সংগৃহীত ১৪ টি পলল নমুনা ফোরামিনিফেরা প্রক্রিয়াজাতকরণের জন্য ল্যাবরেটরিতে পাঠানো হয়েছে। এছাড়া বর্তমানে প্রতিবেদনের কাজ চলমান রয়েছে। | প্রতিবেদন প্রস্তুত করে জমা দিতে হবে। | স্তরতত্ত্ব ও জীবস্তত্ত্ব শাখা | |
| **শিলাবিদ্যা ও মণিকবিদ্যা শাখা** | | | | |
| ৩.১০। | চলতি অর্থবছরে পরিচালিত "সিলেট জেলার গোয়াইনঘাট এবং জৈন্তাপুর উপজেলার সীমান্তবর্তী নদীসমূহ দ্বারা জমাকৃত পললের মণিকতাত্ত্বিক বিশ্লেষণ এবং কাঁচ বালির সম্ভাব্যতা নিরুপণ" শীর্ষক বহিরঙ্গন কর্মসূচী সম্পর্কে শাখা প্রধান জনাব মোহাম্মদ নুরুল হক, উপপরিচালক (ভূতত্ত্ব) বলেন, বহিরঙ্গন হতে সংগৃহীত নমুনার বিশ্লেষণ এবং প্রতিবেদন প্রণয়নের কাজ চলছে। | প্রতিবেদন প্রণয়ন ও যথাসময়ে দাখিল করতে হবে। | শিলাবিদ্যা ও মণিকবিদ্যা শাখা | |

| | | | | |
|---|---|---|---|---|
| **অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা** | | | | |
| ৩.১১। | অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখার শাখা প্রধান বলেন, "নওগাঁ জেলার অন্তর্গত, পোরশা-সাপাহার ও তদসংলগ্ন এলাকায় আঞ্চলিক অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ" শীর্ষক বহিরগঞ্জানের প্রতিবেদন প্রণয়নের কাজ চলমান রয়েছে। | প্রতিবেদন প্রস্তুত করে জমা দিতে হবে। | অভিকর্ষীয় ও চুম্বকীয় জরিপ শাখা | |
| **ভূপদার্থিক তথ্য বিশ্লেষণ, লগিং ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ শাখা** | | | | |
| ৩.১২। | ভূপদার্থিক তথ্য বিশ্লেষণ, লগিং ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ শাখার শাখা প্রধান ড. সুলতানা নাছরিন নূরী, পরিচালক (ভূ-পদার্থ) বলেন, সহকারী পরিচালক (ভূপদার্থ)-গণকে প্রশিক্ষণ প্রদানের একটি প্রস্তাব ছিলো। চলতি অর্থবছরে অর্থের সংকুলান না হওয়ায় আগামী অর্থবছরে উক্ত প্রশিক্ষণ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | নবীন সহকারী পরিচালক (ভূপদার্থ) পদে যোগদানকৃত কর্মকর্তাগণকে ভূপদার্থ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করতে হবে। | প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা এবং ভূপদার্থিক তথ্য বিশ্লেষণ, লগিং ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ শাখা | |
| **ভূকম্পন ও ভূ-বৈদ্যুতিক জরিপ শাখা** | | | | |
| ৩.১৩। | পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, "দিনাজপুর ও জয়পুরহাট জেলাধীন হাকিমপুর ও পাঁচবিবি উপজেলাধীন হিলি-বাগজানা-করিয়া-কুতুবপুর এলাকার প্রতিসরণ ভূকম্পন জরিপ" শীর্ষক বহিরঙ্গান কর্মসূচির পরিকল্পনা রয়েছে। এ বিষয়ে শাখা প্রধান মোঃ শাহজাহান, উপপরিচালক ( ভূপদার্থ) সভাকে অবহিত করেন যে, ৫ মে, ২০২৫ হতে বহিরঙ্গান কর্মসূচী যাওয়ার জন্য একটি দল প্রস্তুতি গ্রহণ করেছে। শাখা প্রধান নিজেই দলপ্রধান হিসেবে বহিরঙ্গানে অবস্থান করবেন বিধায় বহিরঙ্গাণ কাজ মনিটরিং কাজের প্রশ্ন উত্থাপিত হলে আলোচনা অনুযায়ী মহাপরিচালক শাখা প্রধান, পরিকল্পনা ও বাস্তবায়নকে বহিরঙ্গাণ কাজ মানটরিং-এর দায়িত্ব প্রদান করেন। | মে ২০২৫-এ বহিরঙ্গান বহিরঙ্গান কর্মসূচী বাস্তবায়ন করতে হবে। শাখা প্রধান (পরিকল্পনা ও বাস্তবায়ন) বহিরঙ্গাণ কাজ মনিটরিং-এর দায়িত্ব পালন করবেন। | ভূকম্পন ও ভূ-বৈদ্যুতিক জরিপ শাখা | |
| **বৈশ্লেষিক রসায়ন শাখা** | | | | |
| ৩.১৪। | বৈশ্লেষিক রসায়ন শাখার শাখা প্রধান জনাব রিয়াজুল ইসলাম, পরিচালক (রসায়ন) বলেন, "নারায়নগঞ্জ জেলার রূপগঞ্জ, সোনারগাঁও, বন্দর ও সদর উপজেলার শীতলক্ষ্যা নদী ও এর তীরবর্তী এলাকার মাটি ও পানিতে শিল্পায়নের রাসায়নিক প্রভাব অনুসন্ধান" শীর্ষক বহিরঙ্গান কর্মসূচীর চূড়ান্ত প্রতিবেদন প্রণয়নের কাজ শেষ পর্যায়ে। | প্রতিবেদন প্রস্তুত করে জমা দিতে হবে। | বৈশ্লেষিক রসায়ন শাখা | |
| **খনন শাখা** | | | | |
| ৩.১৫। | পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, রংপুর জেলার পীরগঞ্জ উপজেলার শানেরহাট ইউনিয়নে ড্রিলিং পয়েন্ট নির্ধারণ করা হয়েছে। আগামী অর্থবছরের শুরু থেকেই কূপ খনন প্রক্রিয়া সম্পন্ন করার প্রস্তুতি গ্রহণ করা হবে। | আগামী অর্থবছরে কূপ খননের জন্য প্রস্তুতি গ্রহণ করতে হবে। | খনন শাখাসহ সংশ্লিষ্ট সকল শাখা। | |
| **প্রশাসনিক আলোচনা** | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪। | (ক) পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, ডিপিসি কমিটি থেকে ৩য় ও ৪র্থ শ্রেণির নিয়োগে ৮০ (আশি) জন কর্মচারীর সুপারিশ ছিলো। তাদের মধ্যে ৬৮ (আটষট্টি) জন কর্মচারী যোগদান করেছে। যোগদানের পরে ০১ (এক) জন কর্মচারী ইতোমধ্যে চাকরি হতে অব্যাহতি নিয়েছেন, আরও ০১ (এক) জন কর্মচারী চাকরি হতে অব্যাহতির জন্য আবেদন করেছে। শূন্য পদগুলোতে অপেক্ষমান তালিকা হতে নিয়োগ প্রদান ব্যবস্থা গ্রহণ করা হবে। মহাপরিচালক মহোদয় এ বিষয়ে কোন সভা হয়েছে কিনা তা জানতে চান। পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, পরবর্তী সপ্তাহে অপেক্ষামান তালিকা হতে শূন্য পদে নিয়োগ বিষয়ক সভা অনুষ্ঠিত হবে।<br><br>(খ) পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত সম্প্রতি আউটসোর্সিং নীতিমালা, ২০২৫ এবং দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫ জারি করা হয়েছে। এই নীতিমালার চ্যালেঞ্জগুলো হলো: একজন শ্রমিককে একমাসে ২২ (বাইশ) দিনের বেশী কাজ কাজ করানো যাবে না, ব্যাংক হিসাব অথবা মোবাইল ব্যাংক হিসাবে পারিশ্রমিক প্রদান করতে হবে। মহাপরিচালক মহোদয় বলেন, জিএসবিকে নতুন নীতিমালার সাথে অভ্যস্ত হতে হবে। বহিরঙ্গান কর্মসূচীসমূহ নীতিমালার মধ্যে থেকে কিভাবে সম্পাদন করা যায় তা নির্ধারন করতে হবে।<br><br>(গ) জনাব মো: আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, পর্যাপ্ত গাড়ি সুবিধা না থাকায় চলতি অর্থবছরে ২০ (বিশ) টি বহিরাঙ্গন কর্মসূচীর পরিবর্তে ১১ (এগারো) টি বহিরাঙ্গন কর্মসূচী সম্পন্ন করতে হচ্ছে। জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, গাড়ি অনুমোদনের বিষয়টি অর্থ বিভাগে প্রক্রিয়াধীন রয়েছে। মহাপরিচালক মহোদয় গাড়ি অনুমোদনের জন্য অর্থ বিভাগে যোগাযোগ অব্যাগত রাখতে নির্দেশনা প্রদান করেন।<br><br>(ঘ) জনাব মোহাম্ম্দ আলমগীর কবীর, উপপরিচালক (ভূতত্ত্ব) বলেন, ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা অনুযায়ী নথিসমূহ ১০০% ডি-নথিতে নিষ্পত্তি করা হচ্ছে। | (ক) কর্মকর্তা ও কর্মচারীর নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।<br><br>(খ) দাপ্তরিক কাজে আউটসোর্সিং নীতিমালা, ২০২৫ এবং শ্রমিক নীতিমালা,২০২৫ অনুসরণ করতে হবে।<br><br>(গ) গাড়ি অনুমোদনের নিমিত্ত অর্থ বিভাগে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>(ঘ) ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা অনুযায়ী নথিসমূহ ১০০% ডি-নথিতে নিষ্পত্তি করতে হবে। | অপারেশন ও সমন্বয় শাখা | |
| **প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা** | | | | |
| ৫। | (ক) প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনায় মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, কর্মকর্তা/কর্মচারীদের অফিস ব্যবস্থাপনা চাকুরি সংক্রান্ত প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। চলতি অর্থ বছরে বাজেট শেষ হয়ে যাওয়ায় প্রশিক্ষণ আয়োজন করা সম্ভব হচ্ছে না। শাখা প্রধান জনাব মোঃ জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, জিএসবি বগুড়া ক্যাম্প অফিসে প্রায় ২৮ জন কর্মচারী কর্মরত আছে উক্ত কর্মচারীদের সেখানে প্রতিবছর ০২ (দুই) দিনের প্রশিক্ষণ প্রোগ্রাম আয়োজন করা হয়। এবারও মহাপরিচালক মহোদয়ের অনুমতির সাপেক্ষে আগামী মে মাসে প্রশিক্ষন আয়োজনের পরিকল্পনা রয়েছে। মহাপরিচালক মহোদয় বুনিয়াদি প্রশিক্ষণ সম্পর্কে জানতে চান। পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, ০২ (দুই) জন কর্মকর্তা বুনিয়াদী প্রশিক্ষণে অংশগ্রহণ করেছে। চলতি অর্থ বছরে প্রশিক্ষণ খাতে বাজেট শেষ হয়ে যাওয়ায় চলতি অর্থবছরে নতুন কোন কর্মকর্তাকে বুনিয়াদী প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ দেওয়া সম্ভব হচ্ছে না। মহাপরিচালক মহোদয় আগামী অর্থবছরের শুরুতেই বুনিয়াদী প্রশিক্ষণ অব্যাহত রাখার জন্য গুরুত্বারোপ করেন।<br>(খ) মহাপরিচালক মহোদয় পরবর্তীতে বাজেট অগ্রগতি ও বাস্তবায়নের বিষয়টি প্রশাসনিক কার্যক্রম অংশে রাখার জন্য নির্দেশনা প্রদান করেছেন। | (ক) কর্মকর্তা/ কর্মচারীদের ইনহাউজ এবং বিভিন্ন ট্রেনিং ইনস্টিটিউটে প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে।<br><br>(খ) বাজেট অগ্রগতি ও বাস্তবায়নের বিষয়টি প্রশাসনিক কার্যক্রম অংশে রাখতে হবে। | প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা | |
| **প্রকল্প সংক্রান্ত আলোচনা** | | | | |
| ৬.১। | প্রকল্প সংক্রান্ত আলোচনায় প্রকল্প পরিচালক মিজ আসমা হক, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, GICU প্রকল্পের আওতায় ০২ টি প্রশিক্ষন আয়োজন করা হয়েছে এবং ক্রয় প্রক্রিয়া চলমান রয়েছে। প্রকল্প বিষয়ক একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। | পরিকল্পনা অনুযায়ী GICU প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে। | GICU প্রকল্পের টিম, পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬.২। | খনন-প্রকৌশলী শাখার শাখা প্রধান বলেন, খনন সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত প্রকল্পটি অনুমোদনের জন্য একনেকে ২০ এপ্রিল, ২০২৫ খ্রি. তারিখে উপস্থাপন করা হবে। | খনন সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত প্রকল্পের ডিপিপি অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা এবং প্রকল্প সংশ্লিষ্ট শাখাসমূহ। | |
| | **বিবিধ আলোচনা** | | | |
| ৭। | পরিচালক (অপারেশন ও সমন্বয়) বলেন, সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলাধীন জাফলং এলাকায় অবস্থিত ভূতাত্ত্বিক ঐতিহ্য সংরক্ষণের নিমিত্ত পূর্ত কাজ প্রায় সম্পন্ন হয়েছে। জনাব মো: মিজানুর রহমান, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, আগামী সপ্তাহে কাজ বুঝে নেওয়া হবে। মহাপরিচালক মহোদয় শেষের কাজগুলো ভালভাবে পরীক্ষা করে বুঝে নেয়ার প্রতি গুরুত্বারোপ করেন। | সিলেটের গোয়াইনঘাটে জিওহেরিটেজের জন্য চলমান পূর্তকাজ পরীক্ষা করে বুঝে নিতে হবে। | জিওহেরিটেজ সংশ্লিষ্ট কমিটি | |
| ৮। | (ক) মহাপরিচালক মহোদয় বলেন, জিএসবির ভবিষ্যৎ প্রকল্প প্রণয়ন সংক্রান্ত ০৯ (নয়) টি প্রকল্প আলাদাভাবে রাখতে হবে। সকল প্রকল্পের ডিপিপি/টিপিপি প্রণয়নের কাজ শেষ করতে হবে। তিনি আরো বলেন, পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন) কাজটি তত্ত্বাবধান করবেন।<br><br>(খ) জিএসবির ভবিষ্যৎ প্রকল্প প্রণয়ন সংক্রান্ত আলোচনায় জনাব মোঃ কামাল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, ৫০ (পঞ্চাশ) কোটি টাকার অধিক ০৪ (চার)টি প্রকল্পে ফিজিবিলিটি স্টাডির প্রয়োজন হবে। মহাপরিচালক মহোদয় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পরিকল্পনা শাখার উপসচিব দেওয়ান মোহাম্মদ তাজুল ইসলামের সাথে প্রকল্পের ব্যাপারে যোগাযোগ করতে নির্দেশনা প্রদান করেন। তিনি ফিজিবিলিটি স্টাডির দ্রুততম সময়ে সম্পন্ন করার লক্ষ্যে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি আরও বলেন, ফিজিবিলিটি স্টাডি কিউসিবিসি এর মাধ্যমে করা যায়, সেক্ষেত্রে বেশী অর্থের প্রয়োজন হয় এবং প্রক্রিয়াটি সময়সাপেক্ষ। তবে তৃতীয় পক্ষের মাধ্যমে ক্রয় করা সবচেয়ে সহজ। তৃতীয় পক্ষগুলো হলো IIFC, BIM, NAPD, BIAM ইত্যাদি। এসব প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে বাজেট অনুযায়ী পরিকল্পনা মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমেট অনুযায়ী ফিজিবিলিটি স্টাডি শুরু করতে হবে। ফিজিবিলিটি স্টাডির জন্য TOR (Terms of Reference) প্রস্তুত করতে হবে। TOR এর মধ্যে কাজের উদ্দেশ্য, কাজের বর্ণনা, রিপোর্টের সংখ্যা, রিপোর্ট জমাদানের সময়সীমা ইত্যাদি উল্লেখ থাকবে।<br><br>(গ) জনাব মোহাম্মদ নুরূল হক, উপ-পরিচালক (ভূতত্ত্ব) বলেন, জিএসবির সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত প্রকল্পের জন্য শাখাগুলো থেকে তথ্য চাওয়া হয়েছিলো কিন্তু সব শাখা হতে তথ্য না পাওয়ায় প্রকল্প কাজ চূড়ান্ত করা সম্ভব হচ্ছে না। মহাপরিচালক মহোদয় সকল শাখাকে অতিদ্রুত তথ্য প্রেরণের নির্দেশনা প্রদান করেন। | (ক)জিএসবির ভবিষ্যৎ প্রকল্প প্রণয়ন সংক্রান্ত কমিটিগুলোকে টিপিপি/ডিপিপি প্রণয়ন করে ০১ (এক) মাসের মধ্যে জমা দিতে হবে।<br><br>(খ) ফিজিবিলিটি স্টাডির জন্য সংশ্লিষ্ট অফিসে যোগাযোগ করে কাজ শুরু করে দিতে হবে।<br><br>(গ) জিএসবির সক্ষমতা বৃদ্ধি সংক্রান্ত প্রকল্পের জন্য সকল শাখা হতে তথ্য প্রেরণ করতে হবে। | জিএসবির ভবিষ্যৎ প্রকল্প প্রণয়ন সংক্রান্ত কমিটিসমূহ এবং সংশ্লিষ্ট সকল শাখা। | |

৯। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) পরিশিষ্ট-ক

০৭-০৫-২০২৫
এস. এম. মঈন উদ্দীন আহম্মেদ
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
০৭ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৫.০০০০.০০০.২১১.০৬.০০০৪.১৮.১৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
২। জিএসবির শাখা প্রধানগণ।
৩। প্রকল্প পরিচালক (GICU), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৪। উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, অপারেশন ও সমন্বয় শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৫। উর্ধ্বতন হিসাব রক্ষণ কর্মকর্তা , হিসাব উপশাখা , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।
৬। অফিস সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

০৭-০৫-২০২৫
মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী
পরিচালক (ভূতত্ত্ব)